


# Journal 97

Journal of the Departments  
of  
Bengali • English • Philosophy & Life-World

Ac	CJ - 2152.....
Date	22.4.98.....

To the Central Library,  
V.U.

J. Banerjee  
13/4/98



Receiver  
13/4/98

**VIDYASAGAR UNIVERSITY • MIDNAPORE**

**EDITOR**

**TAPAN JYOTI BANERJEE**

---

**Editorial Board :**

Dr. Akram Hossain Mallah  
Reader in English and Head  
of the Dept.

Dr. Asis Kumar De  
Reader in Bengali and Head of  
the Dept.

Mr. Prabhat Kumar Misra  
Reader in Philosophy and Head  
of the Dept.

**Publisher :**

Registrar, Vidyasagar University

**Printer :**

Do

**Printing Press :**

N.B. Laser Writer.  
P-SI Saratpally Midnapore -721101

**Price:**

**Rs. 40.00**  
Rs.20.00(for students)  
\$ 12.00 (for foreign readers)

## EDITORIAL

This second issue of Humanities Journal, JOURNAL 97, retains its composite character. It still appears as a cluster-Journal. But I have a feeling the third issue of the cluster-journal will not see the light of the day. Instead, there will be three separate journals, with titles of their own, flaunting their departmental identities. I wish these yet-to-be-born journals an unending journey.

In the meantime we have had a stimulating time together. No serious attempt has been made, it is true, to promote an inter-disciplinary initiative on the pages of this Journal, but, as in the first issue so in this second, an assortment of papers of three different categories within the covers of a single journal has introduced a welcome variety. Although no definite editorial policy has been consistently followed, we have tried to do one thing in particular : to accommodate as many papers as possible yielded by the seminars organised by the concerned departments. Seven of the eight papers contributed by English and Philosophy departments to this issue are the products of seminars held in course of the last two years . I take this opportunity to thank these scholars who not only enriched the seminars they took part in but have, in a sense, made the Journal possible. The readers will see my point when they find out that this issue of the Journal contains a total of eleven papers only. Of the three Bengali papers, too, one is a seminar paper, but presented elsewhere (at Rabindra Bharati University).

I wish to conclude by offering apology for the delay in publication of this issue. (Its cluster-character has to do with this delay—one good reason for breaking down the cluster, which is crumbling, any way.) I apologize also for some printing errors which have taken place, our best efforts notwithstanding.

## CONTRIBUTORS

Dr. Mrinal Kanti Bhadra	Vivekananda Professor of Philosophy (Retd), Burdwan University
Dr. Gopal Chandra Khan	Professor of Philosophy Burdwan University
Dr. Madhabendra Nath Mitra	Reader in Philosophy Jadavpur University
Dr. Shefali Moitra	Reader in Philosophy Jadavpur University
Mr. Deependu Chakraborty	Gurudas Banerjee Professor of English Calcutta University
Dr. Krishna Sen	Reader in English Calcutta University
Dr. G.N. Roy	Reader in English North Bengal University
Mr. Aninda Basu Roy	Lecturer in English Vidyasagar University

ড: আশিস কুমার দে	প্রাক্ - অধ্যাপক, বাংলা বিভাগ ও বিভাগীয় প্রধান, বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়
ড: লায়েক আলি খান	প্রাক্ - অধ্যাপক, বাংলা বিভাগ, বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়
শ্রী অমিতাভ দাস	উপাধ্যায়, বাংলা বিভাগ, বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়

## CONTENTS

রবীন্দ্রনাথের মেঘদূত লায়েক আলি খান	১
বাকস্পন্দ ও কবিতার পাঠক অমিতাভ দাস	১৩
চমস্কির ভাবনা ও বাংলা ভাষাবিজ্ঞান : চর্চা ও সম্ভাবনা আশিসকুমার দে	১৯
<b>THE CRISIS IN ENGLISH STUDIES : LOCAL CONTEXT</b> Dipendu Chakraborty	28
<b>ALTERNATE NARRATIVITY : MYTH AS NARRATIVE DEVICE IN MODERNIST LITERATURE</b> Krishna Sen	33
<b>FROM MODERNISM TO POSTMODERNISM: SUBJECTIVITY AND REPRESENTATION</b> G.N. Ray	41
<b>BEYOND PROTEST : SELF-EXPLORATORY MODES IN TWENTIETH CENTURY BLACK ART AND CULTURE</b> Aninda Basu Roy	47
<b>SOME ASPECTS OF THE EXISTENTIALIST ETHICS</b> Mrinal Kanti Bhadra	54
<b>KANT ON THE FOUNDATION OF MORALITY</b> Gopal Chandra Khan	64
<b>DISCRIMINATION VIS-A-VIS RESERVATION</b> Madhabendra Nath Mitra	72
<b>THE ABORTION ISSUE : THE MALE FEMALE GENDER DIVIDE AND DUPLICITY OF THEORY AND PRACTICE</b> Shefali Moitra	82



## রবীন্দ্রনাথের মেঘদূত

লায়েক আলি খান

‘মেঘদূত’ প্রবন্ধটি রবীন্দ্রনাথের ‘প্রাচীন সাহিত্য’ (১৯০৭) এর অন্তর্গত। প্রবন্ধটি ১৩০৮ এর বঙ্গ দর্শনে ছাপা হয়।

ভারতবর্ষের প্রাচীন সাহিত্যকে অবলম্বন করে ১২৯৮ থেকে ১৩১২-মোট ১৪ বছরের রবীন্দ্র চিন্তার বিচিত্র সত্ত্বার ‘প্রাচীন সাহিত্য’ এই কৃষ্ণাকার সমালোচনা গ্রন্থটি। প্রাচীন সাহিত্যে মোট ৭টি প্রবন্ধ সংকলিত - মেঘদূত (১২৯৮), কাদম্বরী চিত্র (১৩০৬), কাব্যের উপেক্ষিতা (১৩০৭), কুমারসম্ভব ও শকুন্তলা (১৩০৮), শকুন্তলা (১৩০৯), রামায়ণ (১৩১০) এবং ধম্মপদং (১৩১২)।

বলাবাহুল্য ‘প্রাচীন সাহিত্য’র সবকটি প্রবন্ধ কবির স্বতঃস্ফূর্ত সাহিত্য সমালোচনার মনোভাবে সৃষ্টি নাও হতে পারে। দীনেশচন্দ্র সেনের ‘রামায়ণী কথা’র ভূমিকা স্বরূপ ‘রামায়ণ’ প্রবন্ধটি রচিত এবং চারুচন্দ্র বসু কর্তৃক সম্পাদিত, প্রণীত ও প্রকাশিত ‘ধম্মপদ’ নামক পালি গ্রন্থের বঙ্গানুবাদ সম্পর্কে ‘ধম্মপদং’ প্রবন্ধটি রচিত হয়। উক্ত দুটি রচনা বাদ দিলে অবশিষ্ট পাঁচটির তিনটি প্রবন্ধ রবীন্দ্রনাথের কালিদাস চৈতন্যের ফলশ্রুতি। সে তিনটির মধ্যে আছে ‘মেঘদূত’, ‘কুমারসম্ভব ও শকুন্তলা’ এবং ‘শকুন্তলা’।

একথা সত্য যে, রবীন্দ্রনাথ তাঁর সমগ্র কবিজীবনে ভারতবর্ষের প্রাচীন কবিদের মধ্যে সবচেয়ে বেশি যার দ্বারা প্রভাবিত ছিলেন তিনি কালিদাস এবং যে গ্রন্থের দ্বারা তাঁর কবি কল্পনা সমৃদ্ধ হয়েছে বারবার সৌন্দর্য বেদনার প্রসাধনে তা ‘মেঘদূত’। রবীন্দ্র প্রতিভার সৃষ্টিগ্ন থেকে পরিণত পর্ব পর্যন্ত কালিদাসের মেঘদূত রবীন্দ্রমননে গভীর ছায়াপাত করেছে। সেই বালক বয়সেই যে তিনি মেঘদূতের সঙ্গে পরিচিত হয়ে উঠেছিলেন একথা জীবনস্মৃতিতে উল্লেখ করেছেন। এ প্রসঙ্গে প্রবোধচন্দ্র সেনের সাক্ষ্যঃ “জীবনস্মৃতি গ্রন্থ থেকে জানা যায়, বালক বয়সেই কালিদাস-সাহিত্যের সঙ্গে রবীন্দ্রনাথের বেশ ঘনিষ্ঠ পরিচয় সাধিত হয়েছিল। বড়দাদা দিজেন্দ্রনাথের মুখে মেঘদূত এবং কালিদাসের কাব্যপ্রেমিক কবি বিহারীলালের মুখে কুমারসম্ভব আবৃত্তির কথা রবীন্দ্রনাথ পরিণত বয়সেও ভুলতে পারেন নি”। ১

‘মানসী’ কাব্য থেকেই রবীন্দ্র সৃষ্টিতে কালিদাসের সুস্পষ্ট আভাস লক্ষ্য করা যায়। ২ ‘মানসীর একাল ও সেকাল’ (১৮৮৮) কবিতায় যক্ষনারীর বীণা কোলে বসে থাকার চিত্র এঁকেছেন কবি। আর মেঘদূত (১৮৯০) কবিতায় রচনা করলেন কালিদাসের মেঘদূত কাব্যের অপরূপ আধুনিক কাব্যভাষ্য :

কে দিয়েছে হেন শাপ, কেন ব্যবধান।

কেন উর্দ্ধে চেয়ে কাঁদে রুদ্ধ মনোরথ!

কেন প্রেম আপনার নাহি পায় পথ। ৩

এই সময়কার বিভিন্ন চিঠিপত্রের (দ্র: ছিন্নপত্র, পত্রসংখ্যা ৭৪, ৩৭) কালিদাসের মেঘদূত প্রসঙ্গ আভাসিত হয়েছে। ‘চৈতালী’র ‘মেঘদূত’ (১৩০২) কবিতায়ও চিত্রিত করেছেন বিরহের মর্মদাহী অভিব্যক্তি। ‘কল্পনা’র ‘স্বপ্ন’ (১৩০৪) কবিতায় যে প্রিয়া মালবিকার রূপ ও পরিবেশ চিত্রিত করেছেন কবি তার সমস্ত উপাদান সংগ্রহ করেছেন কালিদাসের কাব্যজগৎ থেকে। এছাড়া ‘কল্পনা’র ‘বর্ষামঙ্গল’ কিংবা ‘মদন ভস্মের পর’ কবিতায়ও মেঘদূতের প্রভাব আবিষ্কার করা যেতে পারে। ‘ক্ষণিকা’র ‘সেকাল’

কবিতাটিতেও কালিদাস তথা মেঘদূতের অপূর্ব স্মরণ লক্ষণীয়। এছাড়া ‘লিপিকা’র গদ্যকাব্যধর্মী রচনা ‘মেঘদূত’ বা ‘শেষসপ্তকে’র ৩৮ সংখ্যক কবিতা কিংবা ‘সানাই’এর ‘যক্ষ’ (১৯৩৮) কবিতায় ‘মেঘদূত’ কাব্যখানির সুস্পষ্ট ছাপ আছে। শুধু ছাপ নয় ‘যক্ষ’ কবিতায় মেঘদূতের রাবীন্দ্রিক ব্যাখ্যার সংযোজন : এ বিশ্ব তো তারি কাব্য, মন্দাক্রান্তে তারি রচে টীকা  
বিরাট দুঃখের পটে আনন্দের সুদূর ভূমিকা।

ধন্য যক্ষ সেই

সৃষ্টির আগুনখালা এই বিরহেই।

হোথা বিরহিনী ও যে স্তব্ধ প্রতীক্ষায়,

দগু পল গণিগণি মছুর দিবস তার যায়। ৪

কিংবা এরও আগে লেখা শেষসপ্তকের সেই ছবি :

ধ্যানোদ্ভবা প্রিয়া

বক্ষ ছেড়ে বসেছে তোমার মর্মতলে

বিরহের বীণা হাতে। ৫

অবশ্য মনে রাখতে হবে কালিদাসের ‘মেঘদূত’ কাব্যে বিরহী যক্ষের বিরহ বোধে যে কামার্তি ও রিরংসা ছিল রবীন্দ্রনাথের মেঘদূত সূত্রে রচিত সমগ্র রচনাবলীতে গড়ে ওঠা ‘মেঘদূত চেতনায়’ তা সম্পূর্ণ বদলে গেছে। কালিদাস রতিশাস্ত্রকে তাঁর মানস আসবাবের অন্তর্গত করে নিয়ে ৬ যে বিরহ কাব্য রচনা করেছেন তাতে সত্যিকারের বিরহ চেতনার একান্ত অভাব। রবীন্দ্রনাথের কৃতিত্ব এইখানে যে তিনি নাগর কবি কালিদাসের সন্তোষার্থিতর কাব্য-চেষ্টাকে যথার্থ বিরহ বেদনার সৌন্দর্যে ভাস্বর করে তুলেছেন। অন্তত রবীন্দ্রনাথ কালিদাসকে বুঝেছিলেন এইভাবে। পূর্বেই সমস্ত রচনায় রবীন্দ্রনাথ কালিদাসের ভাবনাকে নিজস্ব বিরহ চেতনায় বদলে ফেলেছেন সচেতনভাবেই। বুদ্ধদেব বসু এই প্রসঙ্গে সুস্পষ্ট মন্তব্য করেছেন। দীর্ঘ অথচ আশ্চর্য্য তাঁর অনুভব আমরা এখানে স্মরণ করতে পারি :

“আসল কথা, সারা মেঘদূতে কোন ব্যর্থতাবোধ নেই — যক্ষের অবস্থায় তা থাকতেও পারে না — সেইজন্য তাতে বিরহ বেদনা এত দুর্বল। রবীন্দ্রনাথের ‘স্বপ্ন’ (দূরে বহুদূরে) কবিতাটি মেঘদূতের সাথে মিলিয়ে পড়লে আমরা আবিষ্কার করি যে ঐ কবিতার বিষয়, প্রতিটি স্বতন্ত্র্যতথ্য, এমনকি বহুভাষা বিন্যাস মেঘদূত থেকে আহত। —তাকে বহুলাংশে কালিদাসের অনুলিখন বললেন ভুল হয় না — অথচ তাতে রবীন্দ্রনাথ যা বলেছেন তা কালিদাস বলতে চান। বলতে পারেন নি, বলতে পারতেন না। .....কবিতার আবহটিকে রবীন্দ্রনাথ সমগ্রভাবে মেঘদূত থেকে তুলে নিয়েছেন। পড়তে পড়তে আমরা প্রথমে যেখানে থমকে দাঁড়াই, আধুনিক কবির ব্যক্তি স্বরূপের বিদ্যুৎস্পর্শ অনুভব করি ; তা এইখানে —

মোরে হেরি প্রিয়া

ঘীরে ঘীরে দীপখানি দ্বারে নামাইয়া

আইল সম্মুখে, —মোর হস্তে হস্তরাশি

নীরবে শুধাল শুধু স্করণ আঁশি,

“হে বন্ধু আছ তো ভালো ?”

কিন্তু বিস্ময়ের প্রথম চমক কেটে যাবার পর আমাদের মনে পড়ে যে —‘হে বন্ধু আছ তো ভালো’র আশ্চর্য্য হৃৎস্পন্দনের মধ্যেও মেঘদূতের প্রতিধ্বনি আছে। যক্ষ মেঘের মুখ দিয়ে বলছে :



তোমার সহচর, যদিও বিরহিত, জীবিত আছে রামগিরিতে / অবলা, তোমাকে সে কুশল জিজ্ঞাসে, প্রথম কৃতা এ প্রশ্ন/ কেননা প্রাণীদের জীবন অস্থির, বিপদ ঘটে অতি সহজে ।

যক্ষের এ প্রশ্ন একজন নীতিজ্ঞ জড়বাদীর : তার প্রিয়া যে মরে যায়নি । শারীরিক কুশলে আছে, শুধু এটুকু জানতে চাচ্ছে সে, আর রবীন্দ্রনাথের প্রশ্নে ধ্বনিত হচ্ছে এক জন্ম জন্মান্তরের বেদনা, যা হৃদয়ের মধ্যে অনবরত ধ্বনিত হয় কিন্তু কোথাও যার উত্তর নেই ।” ৭

মেঘদূত যে মূলত কামুক যক্ষের রুদ্ধ রতির ব্যঞ্জনা তা স্পষ্ট করেন সমালোচক : “মানতেই হয়, মেঘদূতের যক্ষ একজন লিবিডো ভারাতুর জীব, তার প্রেমের ধারণা শৃঙ্গার বাসনায় সীমাবদ্ধ । তাকে প্রেমিকরূপে, বিরহীরূপে উপস্থাপিত করার চেষ্টা আজকের দিনে কিছুতেই সার্থক হবে না । বরং তার কামাতুরতা স্বীকার করে নিলেই কাব্যটিকে আমরা ঠিকমতো বুঝতে পারবো । এই স্বীকৃতি মনে রেখে আমরা যখন গভীরভাবে বারবার মেঘদূত পড়ি তখন কাব্যটির আর একটি দিক আন্তে আন্তে খুলে যেতে থাকে; আমরা দেখতে পাই, কালিদাস যক্ষের মুখে যা কিছু কথা বসিয়েছেন তার প্রায় প্রত্যেকটি তার রুদ্ধ রতির ব্যঞ্জনা দিচ্ছে । আটমাস ব্যাপী সন্তোষের অভাবে সে এখন যে দশা প্রাপ্ত হয়েছে তার নাম দেওয়া যায় নিখিল কামুকত্ব, সব চিন্তা, সব স্মৃতি তার মনে যৌন চিত্রকল্প জাগিয়ে তুলেছে ; তার কাম, যথাযথ পাত্র থেকে বঞ্চিত হয়ে, নিসর্গে ছড়িয়ে পড়লো । আমরা জানি রবীন্দ্রনাথের মদনতন্ময়ের পর কবিতারও এই বিষয় ; তার শেষস্ববকে মেঘদূতের অবদানও সুস্পষ্ট, কিন্তু রবীন্দ্রনাথ যাকে বায়বীয় নির্যাসে পরিণত করেছেন কালিদাসে আমরা পাই তার রক্ত মাংস নির্ভর আকার ও আকৃতি ।” ৮

“মেঘদূতের নায়ক-নায়িকা ভোগভূমির অধিবাসী, সুতরাং তাহাদের সমস্তই ভোগময় । তাহাদের প্রতি নিঃশ্বাসে, প্রতি নয়ন স্পন্দনে ভোগবাসনা ফুটিয়া বাহির হইতেছে । তাহাদের চলাফেরা, হাবভাব, ওঠাবসা সমস্তই লালসার আবরণে আবৃত ।” ৯ একথা সত্য, তবু রবীন্দ্রনাথ তাঁর ‘মেঘদূত’ প্রবন্ধে এই লালসাময় কাব্যকে এক নতুন সৌন্দর্য দৃষ্টিতে পর্যবেক্ষণ করেছেন । যে স্বজাত্যবোধ ও স্বদেশপ্ৰীতি থেকে তিনি একটু পরবর্তীকালে প্রাচীন কবিদের রচনাবলীর কালোপযোগী ব্যাখ্যা দিয়েছেন ‘মেঘদূত’ প্রবন্ধ প্রত্যক্ষভাবে সেই ভাবনার পূর্ববর্তী রচনা । ‘মেঘদূত’ প্রবন্ধের মূলে ছিল কবি রবীন্দ্রনাথের ‘বিশুদ্ধ সৌন্দর্যতত্ত্ব বিচার’ । ১০ আর এই সৌন্দর্যতত্ত্বের সঙ্গে যুক্ত হয়েছিল রবীন্দ্রনাথের মৌলিক বিরহবোধ ।

শ্রদ্ধেয় শশিভূষণ দাসগুপ্ত বলেন, “প্রাচীন সাহিত্যে মেঘদূত বিষয়ে যে লেখাটি রহিয়াছে আমরা তাহাকে সম্পূর্ণটাই রচনা বলিব । আষাঢ়ের প্রথম দিবসের মেঘগুলি কালিদাসের মনের ভিতর গিয়া মেঘদূত কাব্যে নূতন রূপে সৃষ্টিলাভ করিয়াছিল ; মেঘদূত কাব্যখানি ঠিক সেইরূপ রবীন্দ্রনাথের মনের ভিতরে প্রবেশ করিয়া আর একটি নূতন কাব্যরূপ লাভ করিয়াছিল — সেই ‘নব মেঘদূতে’রই প্রকাশ গদ্যে ‘মেঘদূত’ রচনায়, পদ্যে ‘মেঘদূত’ কবিতায় (মানসী) ।..... কালিদাসের ‘মেঘদূতে’ কোথাও অতলস্পর্শ বিরহ রহিয়াছে বলিয়াই মনে হয় না ; আমাদের মতে কালিদাসের মেঘদূত বিরহের কাব্য নহে, সন্তোষের কাব্য । বিরহ ওখানে অনেকখানি বিলাস, বিরহকে উপলক্ষ মাত্র করিয়া কবির লক্ষ্য হইয়া উঠিয়াছে একটা বিরটি সন্তোষের রস — সে রসের ব্যাপ্তি শুধু মানুষের ভিতরে নয়, চেতন অবচেতন পরিপূর্ণ বিশ্ব প্রকৃতির প্রত্যেক লীলায় যেন সে সন্তোষ

অতি সুকুমার রূপে প্রত্যক্ষ হইয়া উঠিয়াছে । কিন্তু রবীন্দ্রনাথ এই মেঘদূতকে লইয়া চলিয়া গিয়াছেন তাঁহার আপন কল্পরাজ্যে; সেখানে তাঁহার মানস সরোবরের অগমতীরে রহিয়াছে অতলস্পর্শ বিরহ— সেই গভীর বিরহের ভিতরে তিনি ক্ষণে ক্ষণে অনুভব করিয়াছেন এই আশ্বাস যে, ‘এক অপূর্ব সৌন্দর্যলোকে শরৎপূর্ণিমা রাত্রে তাঁহার সহিত চিরমিলন হইবে’ —এই সকল দিক দিয়াই তিনি একনূতন মেঘদূত সৃষ্টি করিয়া লইয়াছেন।” ১১

একথা সত্য যে কবি সমালোচক যখন কোন কাব্য কবিতার সমালোচনা করেন তখন সে সমালোচনা বস্তুতই অভিনব সার্থকতা লাভ করে । এ প্রসঙ্গে সুবোধ সেনগুপ্ত তাঁর ‘সমালোচনা সঞ্চয়ন’ এ লিখেছেন : “কবির কাব্য সমালোচনা একটা অভিনব সার্থকতা লাভ করিতে পারে যখন তাহা জুপিটারের মস্তিষ্ক হইতে মিনার্ডার মত নূতন সম্পূর্ণ সৃষ্টিক্রমে আবির্ভূত হয় । ইহার উৎকৃষ্টতম উদাহরণ রবীন্দ্রনাথের প্রাচীন সাহিত্যের প্রবন্ধগুলি (যাহা নামে প্রবন্ধ হইলেও প্রকৃতপক্ষে গদ্যকাব্য) আর তাঁহার ‘মেঘদূত’, ‘অহল্যার প্রতি’, ‘উর্বশী’ ও ‘স্বপ্ন’ নামক কবিতা ”। ১২

রবীন্দ্রনাথের মেঘদূত প্রবন্ধ রচনার মূলে আছে তাঁর সমকালীন ব্যক্তিগত নৈঃসঙ্গ । তথ্য পাওয়া যায় রবীন্দ্রজীবনীকারের কাছ থেকে । শিলাইদহের বাড়ীতে একলা রবীন্দ্রনাথ — কন্যা মাধুরীলাতার বিবাহ ও জমিদারীর পূণ্যাহ অনুষ্ঠান শেষ করে । এই একাকীত্বের ফসল ‘মেঘদূত’ প্রবন্ধ । প্রভাতকুমার মন্তব্য করেছেন ‘সে নির্জনতা সম্পূর্ণ আশ্রয় দান করিয়াছে ’ । ১৩

কবি তথা সমালোচক রবীন্দ্রনাথের মেঘদূত চেতনার এই মানসপটভূমি স্মরণে রেখেই আমাদের ‘মেঘদূত’ প্রবন্ধটির রস গ্রহণে অগ্রসর হতে হবে ।

‘মেঘদূত’ প্রবন্ধে রবীন্দ্রনাথের প্রথম বক্তব্য, কালিদাস তাঁর মেঘদূতে যে জীবন হিল্লোল জাগিয়ে তুলেছিলেন তার থেকে আমরা আজ নির্বাসিত হয়ে পড়েছি । কেবল সময়গত নয় জীবনবোধ জনিত দূরত্ব হয়েছে অনতিক্রম্য । অথচ সেই যুগের আভাসমাত্র আমাদের কাছে ভেসে আসে কবির কাব্যের মাধ্যমে । ‘ক্ষণিকা’ কাব্যের ‘সেকাল’ কবিতায় নিতান্ত হালকা সুরে একথাই বোঝাতে চেয়েছিলেন কবি, ‘আমি যদি জন্ম নিতেম কালিদাসের কালে’ — এই কথা বলে । রবীন্দ্রনাথের কল্পনায় কেমন হোতো সে কালিদাসের কাল তার একটা স্পষ্ট রেখারূপ পাই ঐ কবিতায় :

বিরহ দুখ দীর্ঘ হত      তপ্ত অশ্রু নদীর মত  
মন্দগতি চলতো রচি দীর্ঘ করুণ গাথা ।  
আষাঢ় মাসে মেঘের মতন মছরতায় ভরা  
জীবনটাতে থাকতো নাকো একটুমাত্র সুরা । ১৪

বিগত সেই কাল নিয়ে পণ্ডিতেরা বিবাদ করলেও একথা সত্য যে, আজ আমাদের জীবনে সেই সময় ফিরিয়ে আনা ‘অসম্ভব’ । তবু কবির বিশ্বাস সেই দিনগুলি ছিল এখনকার চেয়ে অনেক বেশি সুন্দর । এক ব্যাপ্ত সৌন্দর্যবোধ তখনকার জনজীবনকে ঘিরে যে ছিল, তার স্পষ্ট প্রমাণ বহন করে তৎকালীন ভারতখণ্ডের নদী, গিরি নগরীর অপূর্ব সব নাম — অবন্তী, বিদিশা, উজ্জয়িনী, বিক্ষ্য, কৈলাস, দেবগিরি, রেবা, শিপ্রা, বেত্রবতী। কবির ধারণা সময় তখনকার থেকে এখন অনেক বেশী ‘ইতর’ হয়ে পড়েছে । আর এই সময়ের বাসিন্দা কবি দুঃখ প্রকাশ করেন :

“মনে হয় ঐ রেবা, শিপ্রা নির্বিক্ষ্য নদীর তীরে, অবন্তী বিদিশার মধ্যে প্রবেশ করিবার কোনো পথ যদি থাকিত, তবে এখনকার চারিদিকের ইতর কলকাকলি হইতে পরিত্রাণ পাওয়া যাইত ।” ১৫

রোমান্টিক রবীন্দ্রনাথ, স্বপ্নচরী হতে চেয়েছিলেন । ‘স্বপ্ন’ কবিতায় যে যন্ত্রণা, ‘মেঘদূত’ প্রবন্ধেও সেই একই অসহায়ত্ব । কালগত ব্যবধান অনতিক্রমণের যন্ত্রণা এখানেও উপস্থিত । শুধু কেবল সান্দ্রনা এইটুকু যে, সেইলোকে যাবার একমাত্র সহায় কবির মেঘ ; মেঘদূত । আশ্চর্য দক্ষতায় কবি চিত্রিত করেছেন মেঘদূতে অঙ্কিত প্রেক্ষাপট । প্রবন্ধের প্রথমেই উপহার দিয়েছেন সেই অপরূপ গদ্যো সংস্কৃত কাব্যের চিত্রাবলী :

“সেই সেখানকার উপবনে কেতকীর বেড়া ছিল (ক) এবং বর্ষার প্রাককালে গ্রাম চৈতন্যে গৃহবলিডুক পাখিরা নীড় আরম্ভ করিতে মহাব্যস্ত হইয়া উঠিয়াছিল (খ) এবং গ্রামের প্রান্তে জন্মবনে ফল পাকিয়া মেঘের মতো কালো হইয়াছিল; (গ) সেই দর্শন কোথায় গেল ? আর সেই যে অবস্টিতে গ্রামবৃদ্ধেরা উদয়ন ও বাসব দত্তার গল্প বলিত তাহারাই বা কোথায় ? (ঘ)....আমরা কেবল সেই যে হর্ম্যবাতায়ন হইতে পুরবধূদিগের কেশ সংস্কার ধূপ উড়িয়া আসিতে ছিল (ঙ) তাহারই একটু গন্ধ পাইতেছি । এবং অন্ধকার রাত্রে যখন ভবন শিখরের উপর পারাবতগুলি ঘুমাইয়া থাকিত (চ) তখন বিশাল জনপূর্ণ নগরীর পরিত্যক্ত পথ এবং প্রকাণ্ড সুশুপ্ত মনের মধ্যে অনুভব করিতেছি এবং সেই রুদ্ধদ্বার সুপ্ত সৌধ রাজধানীর নির্জন পথের অন্ধকার দিয়া কম্পিত হৃদয়ে ব্যাকুল চরণ ক্ষেপে যে অভিসারিনী চলিয়াছে (ছ) তাহারই একটুখানি ছায়ার মত দেখিতেছি -----সেই কবির ভারতবর্ষ, সেখানকার জনপদবধূদিগের প্রীতিস্নিগ্ধ লোচন ভ্রবিকার শিখে নাই (জ) এবং পুরবধূদিগের জলতা বিভ্রমে পরিচিত নিবিড় পঙ্কজ কৃষ্ণ নেত্র হইতে কৌতুহল দৃষ্টি মধুকর শ্রেণীর মতো উর্ধ্ব উৎক্ষেপিত হইতেছে । (ঝ) সেখান হইতে আমরা বিচ্যুত হইয়াছি ”। ১৬

‘মানসী’র মেঘদূত কবিতায় এই একইচিত্র অক্ষরবৃত্তের সমিল প্রবহমানতায় বাজিয়ে তুলেছিলেন কবি একবছর পূর্বে । (‘মানসী’র ‘মেঘদূত’ ১২৯৭, ‘প্রাচীন সাহিত্যে’র ‘মেঘদূত’ ১২৯৮) আশ্চর্য শ্রুতি সুখকর সেই বর্ণনা :

কোথা আছে

সানুমান আশ্রুকূট, কোথা বহিয়াছে  
বিমল বিশীর্ণ রেবা বিদ্বা পদমূলে  
উপল ব্যাখিত গতি ; বেত্রবতী কূলে  
পরিণত ফল শ্যাম জন্মবনচ্ছায়ে  
কোথায় দর্শার্ন গ্রাম রয়েছে লুকায়ে  
প্রস্ফুটিত কেতকীর বেড়া দিয়ে ঘেরা,  
পথ তরুশাখে কোথা গ্রাম বিহঙ্গেরা  
বর্ষায় বাঁধিছে নীড় কলরবে ঘিরে  
বনস্পতি, না জানি সে কোন নদীতীরে  
যুথীবন বিহারিণী বনান্দনা ফিরে,  
তপ্ত কপোলের তাপে ক্লান্ত কর্ণোৎপল  
মেঘের ছায়ার লাগি হতেছে বিকল,  
ভ্রবিলাস শেষে নাই কারা সেই নারী  
জনপদ বধূজন গগনে নেহারী  
ঘনঘটা উর্ধ্বনেত্রে চাহে মেঘপানে,  
ঘননীল ছায়া পড়ে সুনীলনয়নে;

কোথায় অবস্ৰীপূরী, নিৰ্বিক্ৰিয়া তটিনী,  
কোথা শিপ্রা নদীনীৰে হেৰে উজ্জয়িনী  
স্বমহিমছায়া । যেথা নিশি দ্বিপ্রহৰে  
প্রণয় চাঞ্চল্য ভুলি ভবন শিখৰে  
সুপ্ত পাৰাবত, শুধু বিৰহ বিকাৰে  
রমণী বাহিৰ হয় প্রেম অভিসাৰে  
সূচিভেদ্য অঙ্ককাৰে রাজপথ মাৰে  
ক্ৰটিং বিদ্যুতালোকে ;”----১৭

উভয় উদ্ধৃত অংশেই মেঘদূতের পূৰ্বমেঘের বিভিন্ন শ্লোকের চূৰ্ণ রশ্মি অনুভব করা যায় ।  
আমরা ‘মেঘদূত’ প্রবন্ধটি অবলম্বনে কালিদাসের মূল কাব্যের বক্তব্য মিলিয়ে দেখতে চাই । মেঘদূত  
প্রবন্ধের পূৰ্ব উদ্ধৃতিতে আমরা আলোচনার সুবিধার্থে স্থানে স্থানে বর্ণচিহ্ন ব্যবহার করেছি । বর্তমানে  
পূৰ্বোক্ত ক্ৰমিক বর্ণগুলির পাশে কালিদাসের মেঘদূত কাব্যের পূৰ্বমেঘ অংশের শ্লোক সংখ্যাগুলি বসিয়ে  
নিতে চাই :

ক,	খ,	গ	< ২৪
	ঘ		< ৩১
	ঙ		< ৩৩
	চ		< ৩৯
	ছ		< ৩৮
	জ		< ১৬
	ঝ		< ৩৬

অতঃপর মেঘদূত কাব্যে ব্যবহৃত চিত্ৰগুলি স্মরণ করা যেতে পারে রবীন্দ্রনাথের প্রবন্ধের অনুসঙ্গে ।  
(বলাবাহুল্য এখানেও আমাদের পূৰ্বকার উদ্ধৃতিতে উল্লিখিত বর্ণগুলিকে ব্যবহার করতে চাই প্রবন্ধের  
দীৰ্ঘ উদ্ধৃতিগুলি উল্লেখের বদলে ।)

ক খ গ	< পাণ্ডুচ্ছায়োপবনবৃতয়ঃ কেতকৈঃ সূচি ভিন্নৈ নীড়ারশ্চৈগৃহবলিভূজা মাকুল গ্রাম চৈত্যাঃ । ত্বয়্যাসন্নৈ পরিণত ফল শ্যাম জম্বুবনাস্তাঃ সম্পতস্যস্তে কতিপয় দিন স্থায়িহংসা দশাৰ্ণাঃ ॥১৮
ঘ	< প্রাপ্যাবস্ৰী নুদয়নকথাকোবিদ গ্রাম বৃদ্ধান্ ॥১৯
ঙ	< জালোকীর্নৈরুপচিতবপুঃ কেশসংস্কার ধূপৈ ॥২০
চ	< তাং কস্যাঞ্চিদভবনবলভৌ সুপ্ত পাৰাবতায়্যং ২১
ছ	< গচ্ছন্তীনাং রমণ বসতিং যোষিতাং তত্রনক্তং কঙ্কালোকে নরপতি পথে সূচিভেদ্যস্তমোভিঃ । সৌদামন্যা কনক নিকষম্বিক্ৰিয়া দর্শয়োকীং -----২২
জ	< ত্বয়্যায়ত্ত্বং কৃষিফলমিতি জ্বিলাসানভিষ্টৈঃ প্ৰীতিম্বিক্ৰীর্জনপদবধূ লোচনৈঃ পীয়মানঃ ॥ ২৩
ঝ	< বেশ্যাস্তত্ত্বো নখপদসুখানপ্রাপ্য বর্ষাপ্রবিন্দু — না মোক্ষ্যস্তে ত্বয়ি মধুকরে শ্ৰণির্দীর্ঘান্ কটাক্ষান্ ॥ ২৪

‘মানসী’র ‘মেঘদূত’ রচনার পর একটা চিঠিতে (২৪মে, ১৮৯০ শান্তিনিকেতন) রবীন্দ্রনাথ মেঘদূত প্রসঙ্গে তাঁর বিশিষ্ট ভাবনার প্রকাশ করেছিলেন অন্তরঙ্গ ভঙ্গিতে । প্রাসঙ্গিকবোধে চিঠিটার অংশবিশেষ উদ্ধৃত করতে চাই :

“মেঘদূত পড়ে কি মনে হচ্ছিল জানো ? বইটা বিরহীদের জন্যই লেখা বটে — কিন্তু এর মধ্যে আসলে বিরহের বিলাপ খুব অল্পই আছে — অথচ সমস্ত ব্যাপারটা ভিতরে ভিতরে বিরহীর আকাঙ্ক্ষায় পরিপূর্ণ । বিরহাবস্থার মধ্যে একটা বন্দীভাব আছে কিনা — এইজন্যে বাধাহীন আকাশের মধ্যে মেঘের স্বাধীন গতি দেখে অভিশাপ প্রস্তুত যক্ষ আপনার দুরন্ত আকাঙ্ক্ষাকে তারই উপরে আরোপন করে বিচিত্র নদী পর্বত বনগ্রাম নগরীর উপর দিয়ে আপনার অপার স্বাধীনতার সুখ উপভোগ করতে করতে ভেসে চলেছে । মেঘদূত কাব্যটা সেই বন্দী হৃদয়ের বিশ্বভ্রমণ-----

আজ এই কমহীন আষাঢ়ের দীর্ঘদিনে পৃথিবীর সমস্ত অপরিচিত দেশে বেরিয়ে পড়লে বেশ হয় ----- যে সকল নদীগিরি নগরীর সুন্দর বহুপ্রাচীন নাম বহুকাল থেকে শোনা যায় মেঘের উপরে বসে সেগুলো দেখে আসতুম । বাস্তবিক, কী সুন্দর নাম ! নাম শুনলেই টের পাওয়া যায় কত ভালোবেসে এই নামগুলি রাখা হয়েছিল এবং এই নামগুলির মধ্যে কেমন একটি শ্রী ও গাভীর্য আছে । রেবা শিপ্রা বেত্রবতী গঞ্জীরা নির্বিঙ্ক্যা, চিত্রকূট আত্রকূট বিঙ্ক্যা, দর্শান বিদিশা অবন্তী উজ্জয়িনী , এদেরই সকলের উপরে নববর্ষার মেঘ উঠেছে; এদেরই যুথীবনে বৃষ্টি পড়ছে এবং জনপদবধূরা কৃষিকালের প্রত্যাশায় স্নিগ্ধ নেত্রে মেঘের দিকে চাচ্ছে । এদের জন্ম কুঞ্জের ফল পেকে আকাশের মেঘের মতো কালো হয়ে উঠেছে; দর্শানগ্রামের চতুর্দিকে কেয়াগাছের বেড়াগুলিতে ফুল ধরেছে, সেই ফুলগুলির মুখ সবে একটুখানি খুলতে আরম্ভ করেছে । মেঘাচ্ছন্ন রাতে উজ্জয়িনীর গৃহস্থ ঘরের ছাদের নীচে পায়রাগুলি সমস্ত ঘুমিয়ে রয়েছে; রাজপথের অঙ্ককার এমনি প্রগাঢ় যে, সূচী দিয়ে ভেদ করা যায় ।-----এই বর্ষার অপরাহ্নে ক্ষুদ্র আয়াকোটরের মধ্যে অবরুদ্ধ বন্দীদিগকে সৌন্দর্যের স্বাধীনতা ক্ষেত্রে মুক্তি দিতে হবে ।”২৫

১৮৯০ এ লেখা এই চিঠির ভাব ও ভাষার সঙ্গে মেঘদূত প্রবন্ধের আশ্চর্য মিল লক্ষ্য করা যায় । কেবল মেঘদূত প্রবন্ধে সাধু ক্রিয়াপদ এবং চিঠিতে (চিঠি বলেই) চলতি ক্রিয়াপদ ব্যবহৃত । নইলে একই ভঙ্গিতে কবি বর্ণনা করেছেন যতি ও বিরতি চিহ্ন পর্যন্ত । প্রমাণ স্বরূপ স্মরণ করতে পারা যায়, চিঠিতে উদ্ধৃত অংশে নদী পর্বত ও নগরীর নামের গুচ্ছ গুচ্ছ পরে পরে এক একটি ‘কমা’ প্রয়োগের রীতিটি অবিকল অনুসরণ করা হয়েছে ‘মেঘদূত’ প্রবন্ধেও । কতখানি তদ্রূপতায় থাকলে দীর্ঘদিনের ব্যবধানেও একই বিষয়ের বক্তব্য প্রকাশের রীতিটি একইভাবে পুনরাবৃত্ত হয় — ভেবে দেখতে হবে । চিঠিতে যে ব্যক্তিগত ও হার্দিক সুর গদ্যের বিশিষ্ট চলন তৈরি করেছে, প্রবন্ধ রচনার বেলায়ও কবির লেখনীতে উঠে এসেছে সেই একই প্যাটার্ন । তাই মেঘদূত প্রবন্ধ পাণ্ডিত্যের গাভীর্য ত্যাগ করে হয়ে উঠেছে মগ্নয় গদ্যের দৃষ্টান্ত স্থল । প্রাক্ সবুজপত্রের যুগে সাধু গদ্যের এই অপূর্বতার প্রশংসা করতে গিয়ে সমালোচক বলেন, “সাধুগদ্যে অপূর্ব দক্ষতা দেখিয়েছেন রবীন্দ্রনাথ মেঘদূত প্রবন্ধ সৃষ্টিতে” । ২৬ এই অপূর্ব দক্ষতার সঙ্গে গদ্য লেখার পেশনে যে বিশিষ্ট অনুভূতি — অনুভূতির আবেগ বর্তমান তা বুঝে নিতে হবে । আর সেই আবেগের উৎস হল কবির মৌলিক বিরহবোধ । ‘মেঘদূতম্’ যাতে বার বার জুগিয়েছে ইক্ষন এবং স্থালিয়ে তুলেছে তাকে একটি বিশিষ্ট দার্শনিক ধারণায় । আমরা যাকে রাবীন্দ্রিক বিরহ চেতনা নামে চিহ্নিত করতে চাই ।

বস্তুতই মেঘদূতের মন্দাক্রান্তা কবির চিন্তে যে বিরহবোধ জাগিয়ে তুলেছে, তার থেকে

গড়ে উঠেছে কবির মনে একটি বিশিষ্ট দার্শনিক চেতনা । বলা যেতে পারে রবীন্দ্রনাথের বিরহ দর্শন । এবং পরবর্তীকালে তাঁর বিরহবোধের যেকোন রচনায় প্রায়ই মেঘদূতের এই বিরহী যক্ষের রাবীন্দ্রিক ব্যাখ্যা আরোপ করা হয়েছে । প্রত্যেক মানুষের মধ্যে অস্তহীন বিরহ । অতলস্পর্শ । আমাদের মনের মানুষের সঙ্গে মিলনের প্রয়াস ব্যর্থ হতে বাধ্য । স-শরীরে তার সাথে মিলন অসম্ভব ।

‘মেঘদূত’ কাব্যে মিলনের সম্ভাবনা আছে, বিরহের অস্তহীনতা নেই । কিন্তু রবীন্দ্রনাথ এই বিরহবোধের সূত্রে আবিষ্কার করেছেন আত্মগত এক চিরন্তন বিরহীকে । কেবল নিজের মধ্যে না — বিশ্বের প্রত্যেক মানুষের মধ্যে । পৃথিবীতে প্রত্যেকটি মানুষ স্বতন্ত্র । বিচ্ছিন্ন । আলাদা নির্জন দ্বীপবাসী । আর তাকে ঘিরে অপরিমেয় অশ্রলবনাক্ত সমুদ্র । অথচ তারা যেন কোনো এক কালে একই ভূ-খণ্ড ছিল । বলা বাহুল্য, এই চিত্রকলা সৃষ্টিতে সহায়ক হয়েছে পাশ্চাত্য কবি ম্যাথু আর্গন্ডের সেই বিখ্যাত কবিতা :

Yes !in the sea of life enisled  
With echoing straits between us thrown,  
Dotting the shoreless watery wild,  
We mortal millions live alone.  
The islands feel the enclasping flow  
And then their endless bounds they know

.....

Oh! then a longing like despair  
Is to their farthest caverns sent;  
For surely once, they feel, we were  
Parts of a single continent !  
Now round as spreads the watery plain—  
Oh might our marges meet again !  
Who ordered that their longing's fire  
Should be, as soon as kindled, cooled ?  
Who renders vain their deep desire ?—  
A God, a God their severance ruled !  
And bade betwixt their shores to be  
The unplumbed, salt, estranging sea."২৭

রবীন্দ্রনাথেরও ধারণা সেই অতীতকালের মানুষের সঙ্গে বর্তমানের আমাদের যেন এক সংযোগ থাকা উচিত ছিল । “ আমাদের মধ্যে মনুষ্যত্বের নিবিড় ঐক্য আছে, অথচ কালের নিষ্ঠুর ব্যবধান । ”২৮ শুধু তাই নয় কেবল, এই জীবনেও আমরা অস্তহীন বিরহী । আমার ভালোবাসার মানুষটির থেকে আমার বিচ্ছেদ অসহ্য ও অবশ্যসম্ভাবী । আমাদের মনের মধ্যেই রয়েছে অতলস্পর্শ বিরহ । তার এবং আমার দুটি হৃদয় ছিল এক । এককালে । কিন্তু এখন সে দূরবর্তী । এ দূরত্ব যন্ত্রণাদায়ক । এই যন্ত্রণায় বৈষ্ণবীয় প্রেমবৈচিত্র্যের দর্শন দাঁড়িয়ে আছে । প্রণয়ে গভীরতার হেতু নায়ক এবং নায়িকা পরস্পরের নিকটে থেকেও গভীর বিরহ বেদনা অনুভব করে যখন, তখনই আসে সেই অসহ্য অবস্থা । মেঘদূতেও একথার আভাস আছে । কিন্তু কালিদাসের কাছে প্রাধান্য পায়নি এ দর্শন । একে ছুঁয়ে মাত্রই একবার, যক্ষ ডুবে গেছে অসহ রমণ লালসায় । আমরা এ প্রসঙ্গে মেঘদূতের ৩-সংখ্যক পদের শেষ দুই পংক্তি স্মরণ করছি:

মেঘালোকে ভবতি সৃষিনোহপন্যাথাবৃত্তি চেত :

কণ্ঠাশ্লেষ প্রণয়িনিজনে কিং পুনর্দূরসংস্থে ॥২৯

কিন্তু বৈষ্ণব কবিদের কাছে এই অনুভূতি বেশি সূক্ষ্মতা প্রাপ্ত হয়েছে। প্রেম বৈচিত্র্য সেই মিলিত হৃদয়ের বিকল অবস্থা। মিলনের মন্দির মুহূর্তেও বয়ে যায় বিচ্ছেদের অশ্রুস্রবণাক্ত সমুদ্রের বাতাস। পাওয়ার আনন্দের মধ্যেও জাগে হারাবার শঙ্কিত হাহাকার। আর তখন চণ্ডীদাস যেমন দেখেন তেমনি আমাদের মনে ছবি ভাসে —

‘দুখ কোরে দুখ কাঁদে বিচ্ছেদ ভাবিয়া’।

এইসূত্রে রবীন্দ্রমননে মেঘদূতের বক্তব্য ও চিত্রমালা নতুন ব্যাখ্যা পেয়ে যায় :

“আমরা প্রত্যেকে নির্জন গিরিশৃঙ্গে একাকী দণ্ডায়মান হইয়া উত্তরমুখে চাহিয়া আছি। মাঝখানে আকাশ এবং মেঘ এবং সুন্দরী পৃথিবীর রেবা, শিপ্রা, অবন্তী, উজ্জয়িনী, সুখ-সৌন্দর্যভোগ ঐশ্বর্যের চিত্রলেখা যাহাতে মনে করাইয়া দেয় কাছে আনিয়া দেয় না, আকাঙ্ক্ষার উদ্বেক করে নিবৃত্তি করে না। দুটি মানুষের মধ্যে এতটা দূর।” ৩০

কালিদাসের স্থূল আকাঙ্ক্ষার কবিতাকে আপন পরিশীলিত ও সূক্ষ্ম অনুভূতির বর্ণে, ইংরেজ কবির জীবনদর্শনের আলোয় এবং বৈষ্ণব কবির প্রেমমনস্তত্ত্বের ছন্দে, নতুন করে সৃষ্টি করে তুললেন রবীন্দ্রনাথ। হৃদয়ের অন্তর্গত অনন্ত মিলনার্তি, বাসনা সঘন যাচনা - ক্রমাগতই সূক্ষ প্রণয় পর্বে রূপান্তরিত হয়ে গেল। আর তারই ফলশ্রুতি স্বরূপ প্রতিধ্বনিত হোলো একালের কবির কণ্ঠে পদাবলীর কবির বিস্মিত জিজ্ঞাসা — “তোমায় আমার হিয়ার ভিতর হইতে কে কৈল বাহির ?” যাহারা একটি সর্বব্যাপী মনের মধ্যে এক হইয়াছিল তাহারা আজ সব বাহির হইয়া পড়িয়াছে। তাই পরস্পরকে দেখিয়া চিত্ত স্থির হইতে পারিতেছে না — বিরহে বিধূর, বাসনায় ব্যাকুল হইয়া পড়িতেছে।” ৩১ তাই অন্তর্গত বিরহী যক্ষকে সম্বোধন করে শোনাতে হয় :-

“হে নির্জন গিরি শিখরের বিরহী, স্বপ্নে যাহাকে আলিঙ্গন করিতেছ,  
মেঘের মুখে যাহাকে সংবাদ পাঠাইতেছ, কে তোমাকে আশ্বাস  
দিল যে, এক অপূর্ব সৌন্দর্যলোকে শরৎ পূর্ণিমা রাত্রে তাহার সহিত  
চিরমিলন হইবে ? তোমার তো চেতন অচেতনে পার্থক্য জ্ঞান নাই, কী  
জানি যদি সত্য ও কল্পনার মধ্যেও প্রভেদ হারাইয়া থাক” ৩২

কামুক যক্ষ মেঘকে দূত করে বার্তা পাঠাবার ব্যবস্থা করলে কালিদাসকে সূতীক্ষ্ম বাস্তবতায় বলে দিতে হয়েছিল :

ধুমজ্যোতিঃ সলিল মকুতাং সন্নিপাতঃ ক মেঘঃ  
সম্বেদার্থাঃ ক পটুকরণৈঃ প্রাণিভিঃ প্রাপনীয়াঃ।  
ইতোত্ সুক্যাদ পরিগণয়ন্ গুহ্যকন্তং যযাচে  
কামার্তা হি প্রকৃতি কৃপণাশ্চেতনাচেতনেষু । ৩৩

কালিদাসের যক্ষ জড় ও চেতনের দূরত্ব ভুলে গিয়েছিল। কিন্তু এ যুগের যক্ষহৃদয় বিস্মৃত হয়ে যায় কল্পনা ও বাস্তবের দূরত্বের কথা। আমাদের মানসলোকে যে বিরহিনীর অবস্থান তাকে কোনদিন শরীরের সীমানায় পাওয়া যায় না। এ ধারণা কবির মনে দৃঢ়মূল। ‘মানসী’র মেঘদূত কবিতায় বলেছিলেন সেই কথা —

“সশরীরে কোন নর গেছে সেইখানে

মানস সরসীতীরে বিরহ শয়ানে  
রবিহীন মগ্নিদীপ্ত প্রদোষের দেশে  
জগতের নদী গিরি সকলের শেষে!” ৩৪

‘প্রাচীন সাহিত্যের অঙ্গগত ‘মেঘদূতে’ও এই বিশ্বাসেরই প্রতিধ্বনি। কিছুটা তির্যক, কিন্তু সম্পূর্ণভাবে রবীন্দ্রভাবনায় উদ্ভাসিত।

রবীন্দ্রনাথের কালিদাস চর্চার মধ্যে যে উনিশ শতকীয় বাংলার চিন্তন ও মননের প্রভাব ক্রিমাসীল ছিল সে বিষয়ে সকলেই একমত। সেই ভাবনার মূল কথা ছিল যুজাত্যাভিমান ও ঐতিহ্যপ্রীতি। তৎকালীন মনীষীরা প্রাচীন ভারতের ঐতিহ্যকে নির্বিচারে শ্রদ্ধা করছিলেন কিন্তু যাচাই করতে শেখেন নি। এই অভিযোগে বুদ্ধদেব বসু রবীন্দ্রনাথকেও অভিযুক্ত করেন। এবং এইসূত্রে রবীন্দ্রনাথের সংস্কৃত সাহিত্য তথা কালিদাস মুদ্রতার কঠোর সমালোচনা করেন তিনি। তাঁর ভাষায় সে অভিযোগঃ

“সংস্কৃত সাহিত্যের কথা উঠলে এক মুষ্টি আবেশ তাঁকে আচ্ছন্ন করে। তাঁর মেঘদূত নামকে কবিতায়ও প্রবন্ধে এমন কিছু নেই যা ‘মেঘদূতম্’ এ না আছে, এবং ‘মেঘদূতম্’ - এ এমন অনেক কিছু আছে যা তাঁর রচনা দৃষ্টিতে নেই। যৌনতা ও ইন্দ্রিয়বিলাস ছেঁটে দিলে মেঘদূতের কঙ্কালমাত্র বাকি থাকে। আর কালিদাসের যা বাকি থাকে তা আর যাইহোক তাঁর চরিত্র নয়।” ৩৫

বুদ্ধদেব বসুর এই বক্তব্য কালিদাস সম্পর্কে সত্য হলেও তা রবীন্দ্রনাথ সম্পর্কে স্বীকার্য নয়। কিংবা অন্যভাবে বলা যায়, এইরকম কথা বুদ্ধদেবের কালিদাস সম্পর্কে সত্য হলেও রবীন্দ্রনাথের কালিদাস সম্পর্কে সত্য না। কারণ, একথা সকলে জানেন যে, পূর্ববর্তী কবিদের এক একজনের মধ্যে পরবর্তীরা খুঁজে পান নিজের মানস সায়ুজ্য। বা পরবর্তীকালের কবি সমালোচক নিজের মানস আলোকে ব্যাখ্যা করেন পূর্ববর্তী কবির কাব্যসৃষ্টিকে। দ্বিতীয় ব্যাপারটি হোলো বিষয়কে অনেক সূক্ষ্মভাবে গ্রহণ। উত্তরসূরীর মননে গভীরভাবে ও নব নবরূপে সঞ্চারিত হয় পূর্ববর্তীর ঋণ। রবীন্দ্রনাথের ক্ষেত্রে এই দ্বিতীয় ব্যাপারটি ঘটেছিল।

আমরা একথা পূর্বেও বিস্তৃত করতে চেষ্টা করেছি যে, রবীন্দ্রনাথ কালিদাসের কামরূপ্যকে অবলম্বন করে ভোগাতীত মানসলোকের অমর্যাবর্তীতে পৌঁছে গিয়েছেন। রবীন্দ্রনাথের এই উত্তরণটুকু বুদ্ধদেব বসু ধরতে পারেন নি।

ভোগ নয় ভাগ, মিলন নয় বিরহ। প্রবৃত্তি নয় নিবৃত্তিই ভারতীয় ঐতিহ্যে মূল্যবান। কালিদাস রবীন্দ্রনাথের চোখে ভারতীয় ঐতিহ্যের প্রতিভূ কবি, তাঁর সমগ্র শিল্পচেষ্টায় এই ঐতিহ্যের জয়গান করেছেন — একথা রবীন্দ্রনাথ বুঝতে ও বোঝাতে তৎপর। তাই মেঘদূতের কামনার চিৎকারকে বিরহের সঙ্গীত করে দেখেছেন রবীন্দ্রনাথ। মেঘদূতের উপর আরোপ করেছেন রবীন্দ্রিক দর্শন। এতে করে কালিদাস আমাদের কাছে নতুনতর ডাইমেনশন পেয়েছেন এবং আর যাইহোক এতে ‘কালিদাসের চরিত্র’ আমাদের কাছে হারিয়ে যায় না, নতুন তাৎপর্য পায় মাত্র এবং সাহিত্যরসিকের ক্ষেত্রে এটা জরুরী। অথচ বুদ্ধদেব বসু এই আরোপিত ব্যাখ্যার বিরুদ্ধে তর্ক তুলেছেন। এবং সবচেয়ে গুরুত্ব দিয়েছেন মেঘদূতের যৌনতার, কামারির অনুচ্ছেদে রবীন্দ্রনাথের মেঘদূত চেতনা কালিদাস থেকে দূর্বর্তী হয়ে পড়েছে এর ওপর। বুদ্ধদেবের ভাবনায় যৌনতা ছাড়া মেঘদূত তথা কালিদাসে আর কিছু নেই। এখানে রবীন্দ্রনাথ ও বুদ্ধদেবের



মানস দুঃস্থ । বুদ্ধদেব কালিদাসে যে নর্যাভিলাস দেখে থমকে যান, রবীন্দ্রনাথ তাকে অতিক্রম করে যান সহজেরই ।

‘মানসী’র যুগ থেকে যে রবীন্দ্রনাথের মানস অধেষণ চলছে, তা নিঃসন্দেহে কালিদাসীয় নয় শুধু, উনিশ শতকীয় যৌনাকাঙ্ক্ষী বাঙালী কবি গোবিন্দচন্দ্র দাস থেকেও অগ্রবর্তী এবং সুস্থ । অর্থাৎ ১৯৩০ এ বন্দীর বন্দনার যুগে সেই অলঙ্কার্যামাভিত্তিকেই স্বীকার করে রবীন্দ্র বিরোধিতা করলেন বুদ্ধদেব । তা মূলত নতুন কোনো সংযোজন হলে না আমাদের প্রেম কবিতার ক্ষেত্রে । রবীন্দ্রনাথের দৃষ্টিভঙ্গির সেই দুঃস্থ ও সুস্থতা ছিল । তাই মেঘদূত রবীন্দ্রনাথ হুঁতে পেরেছিলেন বিরহের স্বর্ণলোক । কালিদাসে খুঁজে পেয়েছিলেন ভাগের মধ্য দিয়ে ভোগের ভারতীয় আদর্শ, যা পরবর্তীকালের প্রবন্ধ ‘কুমারসম্ভব ও শকুন্তলা’য় এবং ‘শকুন্তলা’য় আদ্যো স্পষ্টতর সুরে অভিযুক্ত ।

### তথ্যপঞ্জী

১. শ্রী প্রবোধ চন্দ্র সেন : ‘রবীন্দ্রদৃষ্টিতে কালিদাস’ প্রবন্ধ / মূলগ্রন্থ, রবীন্দ্রায়ন/সম্পাদক শ্রী পুলিন বিহারী সেন/বাক সাহিত্য ১৩৭২, পৃষ্ঠা-৯০
২. শ্রী প্রবোধ চন্দ্র সেন : পূর্বোক্ত, পৃষ্ঠা-৯১
৩. রবীন্দ্রনাথ ঠাকুর : ‘মেঘদূত’ মানসী কাব্যগ্রন্থ বিশ্বভারতী ১৯৬৫, পৃষ্ঠা-২২৫
৪. রবীন্দ্রনাথ ঠাকুর : ‘যক্ষ’ ‘মানসী’ কাব্যগ্রন্থ বিশ্বভারতী ১৯৬৭, পৃষ্ঠা-৬৬
৫. রবীন্দ্রনাথ ঠাকুর : ‘শেষসপ্তক’ এর ৩৮ সংখ্যক কবিতা, রবীন্দ্র রচনাবলী ৯ম খণ্ড, সুলভসং বিশ্বভারতী ১৩৯৬
৬. বুদ্ধদেব বসু : ‘কালিদাসের মেঘদূত’/ভূমিকা অংশ/এম.সি. সরকার গ্রান্ড সন ১৯৬৮/পৃষ্ঠা-৩৩
৭. বুদ্ধদেব বসু : পূর্বোক্ত, পৃষ্ঠা- ৪৮-৪৯
৮. বুদ্ধদেব বসু : পূর্বোক্ত, পৃষ্ঠা-৫০-৫১
৯. রাজেন্দ্র নাথ বিদ্যাভূষণ : মেঘদূতের উপসংহার অংশ / মূলগ্রন্থ কালিদাস গ্রন্থাবলীর ২য়ভাগ, বসুমতী সাহিত্য মন্দির, পৃষ্ঠা-৩০১
১০. প্রভাত কুমার মুখোপাধ্যায় : রবীন্দ্রজীবনী ২য় খণ্ড, বিশ্বভারতী ১৯৬১, পৃষ্ঠা-৫৬
১১. শশিতুষণ দাসগুপ্ত : ‘বাংলা সাহিত্যের একাদিক’ রচনা সাহিত্য, লেখক কর্তৃক প্রকাশিত ১৩৫৫ সংস্করণ, পৃষ্ঠা-১৮২-৮৩ ।
১২. সুবোধ সেনগুপ্ত : ‘সমালোচনা সংকলন’, মূলগ্রন্থ : রবীন্দ্রমণীষা ড: অরুণ কুমার মুখোপাধ্যায়, ওরিয়েন্ট বুক কোম্পানী ১৯৭৯, পৃষ্ঠা - ১৯৪ থেকে উদ্ধৃত ।
১৩. প্রভাত কুমার মুখোপাধ্যায় : পূর্বোক্ত, পৃষ্ঠা-২৯
১৪. রবীন্দ্রনাথ ঠাকুর : ‘সেকাল’ ‘কলিকা’ সংক্ষিপ্তা বিশ্বভারতী পৃষ্ঠা-৪০৯
১৫. রবীন্দ্রনাথ ঠাকুর : ‘মেঘদূত’ প্রাচীন সাহিত্য’, রবীন্দ্র রচনাবলী ১৩শ খণ্ড জ্ঞানপত্রাবলী সংস্করণ প.ব.স. ১৩৬৮ পৃষ্ঠা-৬৬২ (৮)
১৬. রবীন্দ্রনাথ ঠাকুর : ‘মেঘদূত’ পূর্বোক্ত / পৃ: ৬৬২ (৭) -৬৬২(৮)
১৭. ‘মেঘদূত’ মানসী’ বিশ্বভারতী ১৯৬৫, পৃষ্ঠা ২২২-২২৩
১৮. বুদ্ধদেব বসু : ‘কালিদাসের মেঘদূত’ পূর্বোক্ত গ্রন্থ প্রোকসংখ্যা-২৪ পৃষ্ঠা-৮৬
১৯. ঐ : পৃষ্ঠা-৯০ প্রোকসংখ্যা-৩১
২০. ঐ : প্রোকসংখ্যা ৩৩

২১. ঐ : পৃষ্ঠা - ৯২, শ্লোকসংখ্যা-৩৯
২২. ঐ : শ্লোকসংখ্যা - ৩৮
২৩. ঐ : পৃষ্ঠা-৮৪, শ্লোকসংখ্যা-১৬
২৪. ঐ : পৃষ্ঠা-৯৩, শ্লোকসংখ্যা-৩৬
২৫. রবীন্দ্রনাথ ঠাকুর : মানসীর পরিশিষ্ট অংশ থেকে উদ্ধৃত পূর্বেক্ত সংস্করণ, পৃষ্ঠা-২৫৮-২৬১
২৬. ড: অরুণ কুমার মুখোপাধ্যায় : 'রবীন্দ্র মনীষা' ওরিয়েন্ট বুক কোম্পানী ১৯৭৯, পৃষ্ঠা-১৮৩
২৭. **Matthew Arnold : To Marguerite** The 5th part of the poem. Switzerland, Matthew Arnold's poems, Introduction by R.A. Scott James, J. M. Dent and Sons Ltd; London 1959; pp-64-65.
২৮. রবীন্দ্রনাথ ঠাকুর ; 'মেঘদূত' 'প্রাচীন সাহিত্য' পূর্বেক্ত, পৃষ্ঠা-৬৬২(৮)
২৯. বুদ্ধদেব বসু : 'কালিদাসের মেঘদূত', পূর্বেক্ত , পৃষ্ঠা-৭৮, শ্লোকসংখ্যা-৩
৩০. রবীন্দ্রনাথ ঠাকুর : 'মেঘদূত', 'প্রাচীন সাহিত্য' পূর্বেক্ত পৃষ্ঠা -৬৬২ (৯)
৩১. ঐ : পৃষ্ঠা -৬৬২(৯)
৩২. তদেব
৩৩. বুদ্ধদেব বসু : 'কালিদাসের মেঘদূত' পূর্বেক্ত পৃষ্ঠা -৭৮
৩৪. রবীন্দ্রনাথ ঠাকুর : 'মেঘদূত' 'মানসী' পূর্বেক্ত পৃষ্ঠা ২২৫
৩৫. বুদ্ধদেব বসু : 'কালিদাসের মেঘদূত' ভূমিকা অংশ পাদটীকা, পূর্বেক্ত সংস্করণ, পৃষ্ঠা-৫ ।
- সংশোধনী :** এই প্রবন্ধের ২য় বাক্যটিতে আছে, 'প্রবন্ধটি ১৩০৮ এর বঙ্গ দর্শনে ছাপা হয়।' এর জায়গায় হবে 'প্রবন্ধটি ১২৯৮ এর 'সাহিত্য' পত্রিকায় ছাপা হয়।'

## বাকস্পন্দ ও কবিতার পাঠক

অমিতাভ দাস

একজন আবৃত্তিকারকে একদিন প্রশ্ন করেছিলাম, আচ্ছা, কবিতা যে বলেন, তার আগে তো বুঝে নিতে হয়। কবিতা বোঝেন কীভাবে? মানেটা বুঝে নেন প্রথমে, ছন্দটা বুঝে নেন — এইরকম করে কী? বলা বাহুল্য, উত্তরটা এগুলোর কোনোটাই ছিল না। তিনি জানিয়েছিলেন, কেন পড়তে পড়তে বুঝে নিই। ঠিকঠাক পড়ার চেষ্টা করি।

ঠিকঠাক পড়াটা কী জিনিস সেটা সেদিন তিনি বিশদ করেন নি। তবে তাঁর কথার মধ্যে এই মীমাংসাটা খুব স্পষ্ট ছিল — ওই সঠিকভাবে পড়ার ধরণটা কবিতাকে বোঝার একটা মস্ত বড়ো উপায়।

সঠিক পছন্দ তবে কোনটা? কোনো গানের সুর গীটারে বা বেহালায় বাজানো সম্ভব। যন্ত্রসংগীত কথাটা খুব অচলিত নয়। তাতে যে, গানের কথার জন্যে খুব একটা অতৃপ্তি জাগে তাও নয়। বস্তুত, অনেক সংগীতরসিক গানের প্রথম দু'একটি কলিই মনে রাখেন — বাকিটা ভেসে যায় সুরে, যে সুর ধ্বনিসম্ভব। কবিতাকে, এমন করে সম্ভব নয়, কেবলমাত্র ধ্বনির জানালা দিয়ে দেখা। যদি না তা, কবিতার নাম নিয়ে নিছক শব্দক্রীড়া হয়।

তাহলে কি মানে বুঝে, অর্থের বাতায়ন দিয়েই চলে কবিতার সঙ্গে বোঝাপড়া। আটপৌরে জীবনে যেমন — অর্থজ্ঞাপনের দিকটিই জরুরি, ধ্বনি নয়। কী বলল রে? যেতে, অথবা না যেতে? কীভাবে বলল — সেই ধ্বনিময় শরীর এখানে প্রায়শই গৌণ। কবিতা তো তাও নয়। কবিতার এক বা একাধিক মানে থাকতে পারে, যেমন গল্প, উপন্যাস, প্রবন্ধেরও থাকে। কিন্তু মানেটা দিয়ে কবিতা বা গল্প বা উপন্যাস — কোন ধরণের শিল্পপ্রকরণের অর্থ এটি — তা নির্ণয় করা দুর্লভ। তাছাড়া, তাহলে তো, ভালোকথা আর কবিকথা এক হয়ে যেত কতোদিন।

আরো একটা দিক আছে ভাষার, যেটা গানেই কী, প্রতিদিনকার কথাবার্তাতেই কী, খুব একটা খেয়াল করি না আমরা। ভাষার সেই দিকটা অস্বয়ের দিক। 'মনে হল যেন পেরিয়ে এলেম অস্ত্রবিহীন পথ' এই শব্দ-বন্ধকে তার ধ্বনি ও অর্থরূপ এক রেখে অনায়াসে বলা যেতে পারত - মনে হ'ল যেন অস্ত্রবিহীন পথ পেরিয়ে এলেম। এখানে পাল্টে গেল শুধু অর্থ। অথচ দ্বিতীয় বন্ধটি বাংলাভাষার স্বাভাবিক অর্থের বিন্যাস SOV (কর্তা-কর্ম-ক্রিয়া) প্যাটার্নের। তবু এটি আমাদের মনে ততদূর আলোড়ন তুলতে পারে না, যতদূর প্রথমটি পারে। তার মানে, স্বাভাবিক বিন্যাস থেকে প্রথমটির ওই বিচ্যুতি (deviation) এমন একটা শক্তি, এমন একটা মুভমেন্টকে ধারণ করতে পারছে যা দ্বিতীয়টির নেই। তার মানে, শুধু ধ্বনি বা অর্থ নয়, শব্দগুলো সাজানোর ধরণও জড়িয়ে আছে ভাষায়, কবিতায় যে উপাদানগুলোর কোনোটাই তাই উপেক্ষার নয়।

অথচ শব্দগুলো জুড়ে জুড়েই কবিতা। কিন্তু কী রকম সেই শব্দ। পোপ জানিয়েছিলেন The sound must seem an echo to the sense. কিন্তু কার sense? কেবলমাত্র পাঠকের কি?

কবিতার বহিরঙ্গ থেকে অন্তরঙ্গ একটা পরিচয় নির্মাণ করবার চেষ্টায় এলিজাবেথ ড্রিউ, তাঁর 'Poetry' গ্রন্থের (The Laurel Poetry Series, 1961) 'Sound patterns' প্রবন্ধে মন্তব্য করেছিলেন - One thing we know will differentiate verse from prose in an experience in the ear : poetry is rhythmically patterned language'. (p.35) শব্দ যোষের বয়ানে একে বলা চলে 'ছন্দে সমর্পিত শব্দেরই নাম কবিতা' (ছন্দের বারান্দা, ১৩৭৮)।

এলিজাবেথ অবশ্য একই সঙ্গে সতর্কও করে দিয়েছিলেন আমাদের : 'Rhythmical patterns are widely varied, however, and lead at once into the question of how 'free' verse can be.'

তার মানে, যে কোনো শব্দই 'কবিতার শব্দ' নয়। যে কোনো শব্দই 'কবিতার শব্দ' হয়ে উঠতে পারে। আমরা যখন পড়ি - 'মহাভারতের কথা অমৃত সমান' তখন পড়ি এভাবে—মহাভারতের কথা, এবং তারপর ঈষৎ থেমে, অমৃত সমান। মহাভারতের; কথা; অমৃত; সমান — এগুলোর আলাদা আলাদা স্মৃতন্ত্র কোনো অভিঘাত তৈরি হয় না তখন। 'মহাভারতের কথা'ই তখন কবিতার শব্দ, এক একটি একক - যার স্পষ্ট একটা অর্থ আছে, অথবা যেটা একটা স্পষ্ট অর্থের মধ্যে আছে, যার অর্থরূপ বা ধ্বনিরূপ আছে। তার মানে কবিতার শব্দ মানেই ছন্দোময় গতিময় শরীরী একটা অস্তিত্ব - যার এমন একটা দুলুনি আছে যা বাজেও বটে, বাজায়ও বটে। এমনি করেই, আবার; আসিব; ফিরে; ধানসিঁড়িটির; তীরে; / ফিরে; যাওয়া; যাওয়া; নয়; সেই; আরো; কাছাকাছি; আসা— এই শব্দগুলোকে যখন ক্রমের পরস্পরা থেকে, ছন্দোময় কাঠামো থেকে বিচ্ছিন্ন করে নেব আমরা, তখন তার ধ্বনিময় শরীর, তার অর্থ সবকিছুই রইল, তবু সে সব শেষপর্যন্ত - 'কবিতার শব্দ' নয়। অভিধানের শব্দ তারা, এবং নিশ্চিতভাবেই স্থানু।

এলিজাবেথের Sound patterns এর আলোচনায়—how "free" verse can be — এই প্রশ্ন উঠেছিল সংগত কারণে। কেননা ছন্দও শেষপর্যন্ত বাইরের কথা, একটা যান্ত্রিক মাপ। এবং সেখানে কোথাও জোর পড়ে ধ্বনির শরীরী রূপে, কোথাও তার অর্থ। কোনো একটা জায়গায় জোর পড়া মানেই ধ্বনি-অর্থ-অর্থ এই ত্রয়ীর অনুপূরক ভূমিকাকে — তাদের ভারসাম্যকে স্বীকার না করা।

কথাটাকে একটু বিশদ করা যাক। ছন্দ মানে তো যতি নিয়ন্ত্রিত গতি। যতি মানে গতির পতন। যখন পড়ছি - ও.গো.বধু। সুন.দ.রী। তু.মি. ম.ধু। মন্. জ.রি। পু.ল.কি.ত। চম.পা.র। ল.হ. অ.ভি.নন্দ.ন - তখন মধুমঞ্জরির মতো সমাসবদ্ধ পদ ভেঙে যাচ্ছে, অথবা একটা শব্দ অভি এবং নন্দন এই দুইভাগে বিপ্লিষ্ট হয়ে যাচ্ছে। তখন, এইরকম শ্বাসযতি নিয়ন্ত্রিত ছন্দে, ধ্বনিটাই মূল কথা। অথবা, যখন শব্দের এমন বিশ্লেষণও ঘটছে না, তখনো কিন্তু, শ্বাসযতি তৈরি করে দিচ্ছে ধ্বনিসম্ভব এক কানের মৌতাত। নোটন নোটন। পায়রাগুলি। ষোটন বেঁধেছে। এ আমাদের সেই ছোটবেলাকার চেনা ছড়া। কিন্তু বছর উচ্চারণের ফাঁকে একবার খেয়াল করেও দেখেছি কি - সেই নোটন নোটন পায়রাগুলির ষোটন বাঁধার ছবি ?

যথাক্রমে, কলাবৃত্ত এবং দলবৃত্তের এই দুটি উদাহরণে শব্দ নয়, শব্দের ধ্বনি সংগঠন — রুদ্ধদল বা মুক্তদলের সমবায় গড়ে উঠছে যে সংগঠন, সেইটিই বড় কথা; মিশ্রবৃত্তে যেমন আন্বয়িক

অর্থ । তাই ‘মহাভারতের কথা’ আর ‘অমৃত সমান’ -এর মধ্যস্থানের ফাঁকটুকুকে আমরা বলছি — অর্থযতি। যখন যতির নামের আগে শ্বাস-বা অর্থ -এই বৈশিষ্ট্যবাচক শব্দটিই ব্যবহার করতে হয়, তখন ছন্দের প্রচলিত ছাঁচে কতদূর স্বস্তি বোধ করবেন কোনো ব্যক্তিগত কবি ?

ধরা যাক , গীতি কবিতার যখন সূত্রপাত হচ্ছে বাংলাদেশে, সারদামঙ্গলের কবি বিহারীলাল এতদূর জানাচ্ছেন যে, সে কাব্য সম্যক্রূপে বুঝতে হলে তাঁর ‘জীবনবৃত্তান্ত জানা আবশ্যিক করে’— তখন তাঁর ব্যক্তিগত রূপায়নের এই আকাঙ্ক্ষা — সে কি কোনো প্রচলিত ছন্দ-কাঠামোর মধ্যেই তার প্রকাশকামনা খুঁজে নেবে ? নাকি ব্যক্তিগত কন্ঠস্বর ফর্ম্যাল ট্র্যাডিশনের মধ্যেই কোনো মুক্তিকে আয়ত্ত করে নেবে নিজের তাগিদে? ছন্দের বন্ধনের মধ্যেই ।

প্রেম নামে এক সোনামুখী তরীর একাকী নিরুদ্দেশ যাত্রায় বিচলিত কবি ‘সারদামঙ্গল’- এ যখন তাঁর সারদাকে স্বপ্নে পান আর পেয়ে হারান, তখন তাঁর সেই আর্তি রূপ পায় প্রচলিত একটি ত্রিপিদী বন্ধে— মিশ্রবৃণ্ডের ছন্দ কাঠামোয় :

আচম্বিতে একী খেলা ।  
নিবিড় নীরদমালা ।  
হা হা রে লাবণ্যবালা । লুকাল লুকাল । (8+8+8+6)

এমন ঘুমের ঘোরে ।  
জাগালে কে জোর করে ।  
সাধের স্বপন আহা । ফুরাল ফুরাল । (8+8+8+6)

ছ মাত্রা দুটিকে তিন-তিন, অথবা প্রথম ও পঞ্চম পংক্তির আটমাত্রাকে চার-চার হিসেবেপড়লেও - এই পড়া আমাদের 'Sense' এর কাছে তেমন অনুরণন তুলতে পারছে কি ? অথচ একে যদি এভাবে পড়ি :

আচম্বিতে / একী খেলা / 4+4  
নিবিড় / নীরদমালা / 3+5  
হা হা রে / লাবণ্যবালা / লুকাল/ লুকাল/ 3+5++3+3  
এমন / ঘুমের ঘোরে / 3+5  
জাগালে কে/ জোর করে/ 4+4  
সাধের / স্বপন/ আহা/ফুরাল/ফুরাল (3+3)+2+3+3

তখন স্বপ্ন আর স্বপ্নভঙ্গের বেদনা ‘হা হা রে’ এই হাহাকারে গড়িয়ে যায় , ‘আহা’র উচ্চারণে থাকে ততদূর সাধ—গাঢ় ও নিবিড় , যাকে বোঝানো সম্ভব ছিল না অন্য কোনো বিবৃতিতে; ফুরাল, ফুরাল এই দ্বিরাবৃত্তিও সেই ফুরিয়ে যাওয়া যে কতটা ফুরোনো ধরিয়ে দেয় আমাদের ।

তার মানে কবির মনোভাবকে, পূর্বধার্য কোনো কাঠামোয় হুবহু মিলিয়ে নেওয়া যাবেই এমন নয় । তাছাড়া কবিরও যে সবসময় গাণিতিক অর্থে ‘ছন্দোজ্ঞান’ থাকবে এমন ধরে নেওয়াও চলে না । T.S Eliot তাঁর 'The Music of Poetry' তে জানিয়েছিলেন , 'I have never been able to retain the names of feet and meters, or to pay the proper respect to the

accepted rules of scansion .....This is not to say that I consider the analytical study of metric, of the abstract forms which sound so extraordinarily different when handled by different poets, to be utter waste of time. It is only that a study of anatomy will not teach you how to make a hen lay eggs.....'

বিহারীলাল যেটা করেন, সেটা অনেক কবিই করে থাকেন তাঁদের মনোভাবকে, আবেগকে সঞ্চারণ করে দেবার তাগিদে : A metrical scheme in itself is simply a mechanical framework, a convention, within which, (and against which যেমন মধুসূদনে) the poet orders his individual poetic movement (Drew : p.141)। একঘেয়ে একটি প্যাটার্নে শুধু কানের মৌতাত তৈরি হয় —সেখানে ব্যক্তিগত মনোভাবের সঞ্চারণ খুব কঠিন । অথচ মনোভাবের যোগ্য প্রকাশ ছন্দে নেই, যতটা আছে বাক্‌স্পন্দে (speech rhythm) । একজন শোকাকর্ষ মানুষ যখন কথা বলে তখন তার কথাগুলো হয় কাটা কাটা—ভেতরকার অবরুদ্ধ আবেগ যেন শব্দগুলোর ছাড়া ছাড়া উচ্চারণেই স্পষ্ট হয়ে ওঠে ।

প্রাগাধুনিক বাংলা কাব্যে পয়ার ত্রিপিদীর বাইরে প্রায়শই অন্য কোনো ছন্দ কাঠামোর প্রয়োজন হয় নি-সে কি এইজন্যেই যে, ব্যক্তির মনোভাব প্রকাশের ব্যাকুলতা তখন ততদূর ছিল না, যতদূর ছিল মঙ্গল কাব্য বা অন্য কোনো দেবায়তনে ভিন্ন ভিন্ন গোষ্ঠীর কথা । ব্যক্তিত্ব চিহ্নিত পদ্যই বা তখন কোথায়? কাহিনীমুখ্য সেই পয়ার পাঁচালিতে আশুতোষ শ্রোতামুগ্ধ হয়েছে, কিন্তু আমরা জানি শ্রোতার মধ্যেই অনুকূল ধর্মভাব জেগে আছে আগে থেকে —সে তার সেই মনোভাব দিয়ে অনুবাদ করে নিচ্ছে তার শ্রুতি। ফলত পদ্য তখন বিবৃতিপ্রধান, তার 'gesture without motion'—কখনের উত্তাপ তাতে সমীকৃত হয়েছে কদাচিৎ । তাই ভারতচন্দ্র যখন, বুড়ো বর দেখে মেনকার ক্রোধ, তার মাতৃহৃদয়ের নৈরাশ্যকে রূপ দিতে চাইবেন, তখন সেই মনোভাবকে পয়ারের ছাঁচে ঢালাই করবেন না । লৌকিক ছন্দ অবলম্বন করতে হবে তাঁকে । পয়ারের আট-ছয় চলনের সাধ্য ছিল না — এই বাক্‌স্পন্দকে, অতএব, এই মনোভাবকে তুলে আনা -

ওরে বুড়া / আঁটকুঁড়া / নারদ অল্ পেয়ে

হেন বর / কেমনে আ: নিলি চক্ষু / খেয়ে

এখানে বাক্‌স্পন্দের সঙ্গে ছন্দের কোনো বিরোধ নেই ।

মধুসূদনই প্রথম নিয়ে এলেন সেই বিরোধের সম্পর্ককে । উজ্জ্বল কুমার মজুমদার লক্ষ করেছেন, রঙ্গলালের 'পদ্মিনী উপাখ্যানে'র প্রতি নটি পয়ারের মধ্যে গড়ে একটিতে আট-ছয় প্যাটার্ন রক্ষা করা যায় নি । (বাঙলা কাব্যে পাশ্চাত্য প্রভাব) । যাওয়ার কথাও নয় । কেন না নতুন কালের সচেতন মন নিয়ে শিল্প রচনা করতে বসেছেন একালের কবি, 'পদ্মিনী উপাখ্যান'-এর ভূমিকায় অন্তত সে রকম একটা দাবি থাকছে যে ইংলন্ডীয় কবিতার সমধিক পর্যালোচনা করেছেন তিনি এবং সেই 'বিশুদ্ধ প্রণালী'-তে কাব্যরচনা করা তাঁর বহুদিনকার অভ্যাস । নতুন মনোভাব পয়ারের পুরোনো অভ্যাসে আর ধরছে না এখন ।

মধুসূদনই প্রথম বুঝেছিলেন মনোভাব আর বাক্‌স্পন্দ পরস্পর সাপেক্ষ এবং মনোভাবের প্রকাশ রূপই বাক্‌স্পন্দ । তাই তাঁর কবিতায় যতি 'naturally comes in after the 2nd, 3rd, 4th, 6th, 7th, 8th, 10th, 11th and 12th'. অবশ্য অমিত্রাক্ষরে চোন্দ মাত্রার বাঁধনটা ছিলই, কিন্তু সেটা যে দৃশ্যগ্রাহ্য রূপমাত্র, শ্রুতিগ্রাহ্য স্পন্দ নয়, তা প্রমাণিত হয়ে গিয়েছিল

গিরিশচন্দ্রের নাট্যসংলাপে। তাকে যে ভাঙা-অমিত্রাক্ষর বলি সে কেবল চোখে দেখার সংস্কার, অমিত্রাক্ষর পংক্তির যেইখানে থামতে হবে, সেইখানেই গৈরিশ ছন্দ থামিয়ে দিচ্ছিল তাকে, পরবর্তী যতি পর্যন্ত আর এক পংক্তি—এইভাবে অল্পশিক্ষিত অভিনেতাদের সংলাপ উচ্চারণ সহজ করে দিচ্ছিলেন গিরিশচন্দ্র। যেহেতু যথাযথ উচ্চারণ বোধগম্য করে বক্তব্যকে।

তার মানে, কবির মনোভাব যদি প্রকাশ পায় বাকস্পন্দে, তবে বাকস্পন্দ অনুযায়ী উচ্চারণে পেয়ে যাওয়া অসম্ভব নয় কবিতার মধ্যকার মনোভাবটিকে। কবিতা বোঝা মানে আসলে কবিতা ঠিক ঠিক পড়তে পারা। ছন্দটা বড় কথা নয়, মূল কথা হোল এই রিদম। যেহেতু "To the skilled poet, the regular metrical beat is a foundation, a norm from which to depart and return. It is an element in a larger movement, his rhythm. Rhythm means "flow", and flow is determined by meaning more than meter, by feeling more than feet. It represents the freedom the poet can use within his own self-imposed necessity". (Poetry - Elizabeth Drew, p.41)

বাকস্পন্দ অনুযায়ী পড়তে পারার অর্থ তখন কবিতাকে ভেতর থেকে বুঝে নেওয়ার এক আয়োজন। তখন 'replacement' হচ্ছে কবির, পাঠককে দিয়ে। 'replacement'-এর মধ্যে 'place' শব্দটা যেহেতু আছেই, তাই প্রশ্ন উঠবে ঠিক কোথায় পাঠক প্রতিস্থাপিত করবে কবিকে। অবশ্যই বাকস্পন্দ সেই কেন্দ্রে যেখানে পাঠকও কবি। তার মনোভাব প্রকাশের অক্ষমতা তখন ভেতর থেকে অবলম্বন করছে কবিতাকে। সেও আর এক নির্মাণ।

আর তখন ছন্দ মানে মুক্তছন্দ। Verse libre। তার জন্যে অবশ্য মধুসূদনের মুক্তবন্ধ নীতি কবিতা, হতোমের দ্বিতীয়ভাগের আখ্যাপত্র, গৈরিশছন্দ, রাজকৃষ্ণ রায়ের নাট্য সংলাপ বা 'বলাকা'র দোহাই মানার প্রয়োজন নাই। ছন্দ পুরোপুরি শ্রুতিধার্য বলে অক্ষর সাজানোর এই বহিঃপ্রক্রিয়াকে আমরা খুব বেশি গুরুত্ব দেব না। এই পরম্পরা আদতে সচেতনভাবে একটা দৃষ্টিগ্রাহ্য অবয়ব নির্মাণের ইতিহাস। তা নইলে অমিত্রাক্ষরেই মধুসূদন প্রকৃত মুক্তছন্দের প্রবর্তক। যেহেতু, মুক্তছন্দ বাকস্পন্দভিত্তিক, বাকস্পন্দ মনোভাবভিত্তিক, এবং মনোভাবের প্রকাশযোগ্য ভিত্তি শব্দ - তাই একই শব্দ মনোভাবের পার্থক্যে ভাঁজে ভাঁজে খুলে দিতে থাকবে তার অর্থ। ব্যবহার যোগ্যতায় নতুন হয়ে উঠবে। 'বীরাঙ্গনা কাব্য'র শব্দগুলি যখন তার পত্র দুমুণ্ডকে লেখে :

জানে দাসী, হে নরেন্দ্র, দেবেন্দ্রসদৃশ  
ঐশ্বর্য, মহিমা তব; অতুল জগতে  
কুল, মান ধনে তুমি; রাজকুলপতি!  
কিস্তি নাহি লোভে দাসী বিভব। সেবিবে  
দাসীভাবে পা দুখানি — এই লোভ মনে—  
এই চির-আশা, নাথ, এ পোড়া হৃদয়ে!  
বন-নিবাসিনী আমি, বাকল-বসনা,  
ফলমূলাহারী নিত্য, নিত্য কুশাসনে  
শয়ন, কি কাজ, প্রভু, রাজসুখ-ভোগে?

তখন সসাগরা পৃথিবীর রাজার কাছে এক আশ্রমবালিকার অনুগ্রহ ভিক্ষা বলেই মনে হয় একে। মধুসূদন

সেই মনোভাবকে কমা, সেমিকোলন, পূর্ণচ্ছেদে তুলে ধরতে চেয়েছেন বাকস্পন্দগুলো ধরিয়ে দিয়ে।  
এরই পাশে সোমের প্রতি তারার পত্রিকা :

কি বলিয়া সম্বোধিবে হে সুধাংশুনিধি,  
তোমাতে অভাগী তারা ? গুরুপত্নী আমি  
তোমার, পুরুষরত্ন, কিন্তু ভাগ্যদোষে  
ইচ্ছা করে দাসী হয়ে সেবি পা দুখানি।...  
কুলের পিঞ্জর ভাঙ্গি, কুলবিহঙ্গিনী  
উড়িল পবন-পথে, ধর আসি তাতে,  
তারানাথ ! —তারানাথ ? কে তোমাতে দিল  
এ নাম, হে গুণনিধি, কহ তা তারারে !...  
চির পরিধান মম বাকল; ঘৃণিনু  
তাহায়,...

তারার ‘দাসী’ হওয়ার ‘ইচ্ছা’ আর শকুন্তলার ‘দাসী’ হওয়ার ‘আশা’—এক নয় । মনোভাবের চাপে  
শব্দের অর্থ পাল্টে যাচ্ছে অনেক । একজন বাকল-বসনা, অন্যজন ‘ঘৃণিনু তাহায়’ । ‘তারানাথ’ শব্দটিও  
যেমন মনোভাবের পার্থক্যে নতুন হয়ে উঠছে । একটি নিছক সম্বোধন— তারাদের নাথ—তারা তখন  
বহুবচনিক । এর অন্য অর্থ আর এক রমণীর আকাঙ্ক্ষায় প্রতিধ্বনি তোলে — তারানাথ ? কে তোমাতে  
দিল এ নাম—তখন তারা একজন নারী । তারানাথ তার কামনারই অন্য নাম ।

মনস্তত্ত্বের তীব্র চাপ থেকেই তাই জন্ম নেয় কবিতার শব্দ । মনস্তত্ত্বের তীব্র চাপেই তৈরি হয়ে  
যায় বাকস্পন্দের মাপ । প্রচলিত ছন্দের মধ্যেও ধরিয়ে দিতে পারেন কেউ কেউ স্পন্দনের সেই বৈচিত্র্যকে  
—লেখো তুমি পদ্য নাকি — বলে অবজ্ঞা করা যায় না তাঁদের । সেই অর্থে বাকস্পন্দে সমর্পিত শব্দের  
নামই কবিতা । বাকস্পন্দের সিঁড়ি বেয়ে আমরা পৌঁছে যেতে পারি সেখানে, যেখানে আছে কাব্যপাঠের  
চূড়ান্ত মুহূর্তটি । যেখানে কবির জন্যে বাহবা থাকে না, কবিতা পাঠকের জন্যেও না । সেখানে থাকে  
কেবল কবিতা । এবং সেই অনুভূতি— কী ভালোই যে লাগল কেমন করে বলি ?



## চমস্কির ভাবনা ও বাংলা ভাষাবিজ্ঞান : চর্চা ও সম্ভাবনা

আশিসকুমার দে

মানুষের ভাষা পালটায়। অনেকেই বলেন ভাষার বদল হয় পঁচিশ বছর পর পর। এমনভাবে কোনো বিশেষ সময়কে চিহ্নিত করব কিনা, তা বলা কঠিন। ভাষা আলোচনার নানান মহলের সুলুকসন্ধান করতে গিয়ে দেখি, সেখানে পদ্ধতির আবির্ভাব ও তিরোভাব বেশ অনিয়মিত। কোনো কোনো পদ্ধতি জাঁকিয়ে বসেছে পঞ্চাশ বছর ধরে। আবার কারো ক্ষেত্রে একটু সময় পাওয়া যায় নি।

১৮৮০ নাগাদ হেরমান পৌল বলেছিলেন যে ভাষাবিচারের পদ্ধতি হবে ঐতিহাসিক। বিশ শতকের গোড়ার দিক অবধি এ নিয়ে বিশেষ বাদপ্রতিবাদ ওঠে নি। আবার ফের্দিনাঁ দ্য সোস্যুরের বক্তৃতামালায় সাধারণ ভাষাবিজ্ঞান ও ঐতিহাসিক ভাষাবিজ্ঞানের মহলের ফারাক বাড়ল। ঐতিহাসিক ভাষাবিজ্ঞানীরা ছিল স্থির, লিখিত ভাষার দ্বিকালীন বিচারের (diachronic study) পক্ষে। সোস্যুর ছিলেন এককালীন(Synchronic) ভাষার দিকে। হেলমশ্লেভ (১৯৫৩) খানিকটা এগিয়ে গিয়ে বললেন দুটোই একেবারে আলাদা ক্ষেত্র। সমাজতত্ত্ব বা সাধারণ ইতিহাসচর্চার সঙ্গে ঐতিহাসিক ভাষাবিজ্ঞান যুক্ত হওয়া উচিত। পৌল কিংবা হেলমশ্লেভ - দুজনেই চরম মতামতে বিশ্বাসী। আজকাল যখন ভাষাবৈজ্ঞানিক তত্ত্বের বিকাশ ঐতিহাসিক ভাষাবিজ্ঞানকেও প্রভাবিত করছে, তখন ‘অগ্রজের অটল বিশ্বাসে’ আস্থা রাখা যায় না। এই মুহূর্তে ঐতিহাসিক আর বর্ণনামূলক পদ্ধতির মধ্যে দোদুল্যমানতা নেই। পল কিপারস্কির ভাষায় বলা যায় :

'This pendulum may finally have come to a position of rest.'

